



তারিখঃ ০৫ জুন ২০২৪

ପ୍ରେସ ବିଜ୍ଞପ୍ତି

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর বিবৃতি

মিথ্যা, বানোয়াট ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত মামলায় গত ০৩ জুন ২০২৪ তারিখে নেতৃকোণার বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের ১১ জন নেতাকর্মীর জামিন নামঞ্জুর করে কারাগারে প্রেরণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বিবৃতি দিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, “৭ জানুয়ারী প্রহসনমূলক ও একত্রফা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে জোর করে ক্ষমতা কুক্ষিগত করে দখলদার আওয়ামী অবৈধ সরকার অশুভ উদ্দেশ্য নিয়ে বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনসহ বিরোধী দলের নেতাকর্মীদের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলায় আদালতকে দিয়ে জামিন নামঙ্গুর ও কারান্তরীণ করতে বেসামাল হয়ে উঠেছে। আর সেটিরই ধারাবাহিকতায় জিয়া পরিষদ কেন্দ্রীয় কমিটির সহকারী সদস্য সচিব রোটারিয়ান নাজমুল হাসান, কেন্দুয়া উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহবায়ক এম এ মতিন রঞ্জেন, যুগ্ম আহবায়ক মোঃ হুমায়ন আহমেদ, কেন্দুয়া উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক মোঃ রঞ্জান আহমেদ, বলাইশিমুল ইউনিয়ন বিএনপি নেতা মোঃ হারুন মিয়া, মোঃ মুখলেছ মিয়া, সান্দিকানা ইউনিয়ন যুবদলের সিনিয়র যুগ্ম আহবায়ক মোঃ মেহেদী হাসান রবিন, যুগ্ম আহবায়ক মোঃ মোমেন মিয়া, যুবদল নেতা মোঃ জহিরুল মিয়া, মোঃ তানভির মিয়া ও মোঃ সাদাম মিয়া’র জামিন নামঙ্গুর করে তাদেরকে কারাগারে পাঠানো হয়েছে। দখলদার আওয়ামী সরকারকে এই জুলুম বন্ধ করতে হবে।

বর্তমানে দেশে আইনের শাসন ও সুশাসন না থাকার কারণে বিচারক'রা আইন অনুসরণ করে বিচারকার্য পরিচালনা করতে ব্যর্থ হচ্ছেন বলেই বিরোধী দলীয় নেতাকর্মীরা ন্যায়বিচার থেকে বঞ্চিত হচ্ছে। সারাদেশে প্রতিনিয়ত আদালতকে দিয়ে বিরোধী নেতাকর্মীদের জামিন নামঙ্গুরের মাধ্যমে কারান্তরীণ করার ঘটনায় আমি গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং অবিলম্বে উল্লিখিত নেতাকর্মীদের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারসহ তাদের নিঃশর্ত মুক্তির জোর আহবান জানাচ্ছি।”

ବାର୍ତ୍ତା ପ୍ରେରକ

[Signature]

(এ্যাড. মোঃ তাহিফুল ইসলাম টিপু)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি ।